# চট্টগ্রামের টেরিবাজারে মার্কেটে ভয়াবহ অগ্নিকাণ্ডে ২ জনের মৃত্যু



কেবি অর্কিড প্লাজায় আগুন। ছবি: সংগৃহীত

চট্টগ্রামের কোতোয়ালি থানার ব্যস্ত বাণিজ্যিক এলাকায় অবস্থিত ‘কেবি অর্কিড প্লাজা’ মার্কেটে অগ্নিকাণ্ডের ঘটনায় দুই জন প্রাণ হারিয়েছেন।

বৃহস্পতিবার (১৯ মার্চ) সকাল ৯টা ৫০ মিনিটের দিকে চতুর্থ তলার একটি দোকান থেকে আগুন ধরে মার্কেটের ভেতর ধোঁয়ার কুন্ডলী ছড়িয়ে পড়ে। নিহতরা হলেন মোহাম্মদ ইউনুস (৫২) ও মো. সোলাইমান (২৮), উভয়ের বাড়ি পটিয়া উপজেলায়। আরও দুইজন আহত হয়েছেন।

ফায়ার সার্ভিসের দুটি স্টেশনের চারটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধারকাজ শুরু করে। এক ঘণ্টারও বেশি সময়ের চেষ্টা শেষে সকাল ১০টা ৫৩ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে।

চট্টগ্রাম ফায়ার সার্ভিসের উপসহকারী পরিচালক মোহাম্মদ আবদুল মন্নান জানান, তিনজনকে মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে।

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ ফাঁড়ির তত্ত্বাবধায়ক নুরুল আলম আশিক জানিয়েছেন, আগুনে দগ্ধ অবস্থায় তিনজন হাসপাতালে আনা হলে জরুরি বিভাগের চিকিৎসক দুজনকে মৃত ঘোষণা করেন। আগুন লাগার কারণ এবং সম্পূর্ণ ক্ষয়ক্ষতি এখনও তদন্তাধীন।

LENS ASIA